২৬। প্রভু, ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারীর নেত্রীদের পথ দেখানোর জন্য তোমার কাছে যাচ্ঞা করি কারণ তারা পরিচর্যা কাজের দর্শনের বিষয়টি সহভাগিতা করেন। প্রত্যেক দলের মধ্যে হৃদয়ে এবং মনে ঐক্য আনো। (১ থিষলনীকীয় ৫:২৪)

২৭। প্রভু, রোমানিয়ার মহিলাদের সাহায্য কর যাতে তারা তাদের পেশা এবং পরিবারের দায়িত্বগুলির মধ্যে সুস্থ ভারসাম্য বজায় রাখে। তারা যেন তাদের সন্তানদের জন্য সময় দিতে পারে, তাদের উপর প্রভাব বিস্তার করতে পারে এবং তাদেরকে খ্রীষ্টের কাছে পরিচালিত করতে পারে। (২ তীমথিয় ৩:১৪-১৬)

২৮। আমরা খ্রীষ্টান চীনা মহিলাদের জন্য প্রার্থনা করি যারা অবিবাহিত আছে কারণ মণ্ডলীতে পুরুষের অভাব আছে এবং যারা অবিরত বিবাহ করার চাপের সম্মুখীন হয়। প্রার্থনা করুন যাতে তারা খ্রীষ্টে তাদের পরিচিতি এবং নিরাপত্তায় বৃদ্ধি লাভ করে। (১ পিতর ২:৯)

২৯। আমরা ঈশ্বরের প্রশংসা করি কারণ ভারতে গুজরাটী ভাষী নেত্রিগণ বিশ্বাসে এবং প্রভুর সেবা কাজে খুবই শক্তিশালী। (১ করিন্থিয় ১৬:১৩)

৩০। প্রভু, প্রত্যেক দেশের মহিলাদের মধ্যে তোমার বাক্য অধ্যSয়ন করার এবং পরবর্তী প্রজন্মের কাছে এই সত্যগুলি শিক্ষা দেবার জন্য ক্ষুধা এবং তৃষ্ণা দাও। (দ্বি: বিবরণ ১১:১৮-২০)

৩১। প্রভু, ব্রাজিলের যে কন্যাদের তুমি উচ্চ নেতৃত্বের পদে অধিষ্ঠিত করেছো তাদেরকে তোমার আত্মায় পরিপূর্ণ কর এবং তোমার রবের প্রতি সংবেদনশীল কর যাতে তারা তোমাকে এবং তোমার আহ্বানকে সম্মান করে। (গালাতীয় ৫:২৫)

후원안내

국민은행 851-01-0003-724 북방선교방송

최초 입금 후 사무실로 연락주시기 바랍니다.

**বাংলাদশেরে জন্য বশিষে প্রার্থনা**

১। নতুন বছরের ১টি মাস শেষ হোল, দ্বিতীয় বাংলদেশের জন্য ভাষার মাস, এই মাসে বাংলা মা ও ভাষার প্রতি মানুষের যেমন ভালবাসা এবং শ্রদ্ধা, যেন বাংলাদেশের মায়েরদের প্রতিও মানুষের ভালবাসা ও শ্রদ্ধা বৃদ্ধি পায় এর জন্য বিশেষ প্রার্থনা করবেন।

৩। বাংলাদেশের সর্বস্তরের মানুষ যেন সমাজে নারীদের স্থান নিশ্চিত করে এবং তাদের প্রাপ্য সম্মান দান করে, এবং নারীরা যেন ঈশ্বরের রাজ্য বিস্তারের জন্য অবদান রাখতে পারে এর জন্য বিশেষ প্রার্থনা করবেন।

৪। যে সমস্থ বিশ্বাসীগন বিভিন্ন ভাবে অত্যাচারিত হচ্ছে ঈশ্বর যেন তাদের ঢাল হয়ে সমস্থ বিপদ থেকে রক্ষা করেন এবং তাদের মধ্য দিয়ে বাংলাদেশে যেন ঈশ্বরের রাজ্য বৃদ্ধি পায় এর জন্য প্রার্থনা করবেন।

৫। বাংলাদেশের সরকার এবং যারা বাংলাদেশের সাংগঠনিক দায়িত্বে রয়েছেন তারা যেন দেশ ও দশের জন্য সৎভাবে কাজ করতে এর জন্য বিশেষ প্রার্থনা করবেন।

# Women of Hope

Prayer Calendar

২। প্রতি মাসে প্রকাশতি ‘প্রত্যাশাময়ী নারী’ নামক প্রার্থনা পঞ্জিকাটি ১০০টি ভিাসায় অনুবাদতি হচ্ছে, এবং ৬৫০০০ এরও বশেি মানুষ এক সঙ্গে প্রার্থনা করছে।



**2021. 3.**

## নেতৃত্ব/পরিচর্যায় মহিলাগণ

ঈশ্বর মহিলাদের এক সমৃদ্ধ সংবেদনশীলতা এবং সহানুভূতির সক্ষমতা দিয়েছেন। নেতা ও ঈশ্বরের ভক্ত দাসদের সঙ্গে সেবা কাজ করার জন্য এটি এক গুরুত্বপূর্ণ ক্ষমতা। আসুন আমরা প্রার্থনা করি সেই মহিলাদের জন্য যারা ঈশ্বরের ভালোবাসার কথা অন্যের কাছে বলেন তারা যেন তাদের সেই সক্ষমতা ব্যবহার করে এক সম্মানিত নেত্রী ও উপযুক্ত সেবাকারিনী হতে পারেন।


**TWR Korea 북방선교방송**

서울특별시 관악구 양녕로 15, 월드빌딩 6층

전화 (02)886-5671 / 이메일 phkorea@twrk.or.kr

# আন্তরিক ভাবে প্রার্থনা করছি।

১। পিতা, আমরা প্রার্থনা করি যেন যে মহিলারা নেতৃত্বে আছেন তারা ঈশ্বর ভীরু ব্যক্তিদের খুঁজে পান যারা তাদের সাহায্য করতে পারেন এবং আস্থার সঙ্গে তাদের ব্যক্তিগত এবং আবেগ সংক্রান্ত সংগ্রামগুলিকে স্থগিত করতে পারে। প্রয়োজনীয় উত্তরগুলি পাওয়ার জন্য তোমার প্রতি আস্থা রাখতে তুমি এই নেত্রীদের সাহায্য কর। (হিতোপদেশ ৩:৫-৬)

২। প্রভু, আমাদের সারবিয়ার ট্রান্সওয়ার্ল্ড রেডিয়োর আশাময়ী নারী দলটিকে তোমার বাক্যের মহাজ্ঞান এবং উপলব্ধি দাও। আরোগ্য এবং পুনরুদ্ধার আনার জন্য তোমার বাক্য ব্যবহার করে তারা যেন ধৈর্য সহকারে মহিলাদের কথা শোনে, উপলব্ধি করে এবং তাদেরকে উৎসাহিত করতে পারে। (গীত ১১১:১০)

৩। ঈশ্বর, আমরা প্রার্থনা করি যাতে ভারতের ট্রান্সওয়ার্ল্ড রেডিয়োর আশাময়ী নারী ভাষা সমন্বয়কারীগণ এই বিষয়টি বুঝতে পারে যে নেত্রী হিসাবে সেবা করার জন্য তাদের মধ্যে দক্ষতা এবং যোগ্যতা আছে। তাদের জন্য তোমার যে সমস্ত কাজ আছে তা সম্পূর্ণ করতে তাদের ইচ্ছা এবং শক্তি দাও। (কলসীয় ৩:২৩)

৪।পিতা পরিচর্যা কাজের সঙ্গে যুক্ত সমস্ত খ্রীষ্টান মহিলারা যেন প্রতিদিন তোমার সঙ্গে সময় অতিবাহিত করার বিষয়টিকে প্রাধান্য দেয়।তারা যেন তাদের জীবনের একটি পথ হিসাবে তাদের দেহ এবং মনের শুদ্ধতা, ক্ষমা, এবং কৃতজ্ঞতাপূর্ণতাকে আগ্রহের সঙ্গে গ্রহণ করে তার জন্য তাদেরকে পরিচালিত করুন। (মথি ৫:৮)

৫। পিতা, ফিনিশীয় প্রার্থনার-দলের নেতাদের প্রজ্ঞা দাও যাতে তাঁরা তাদের সদস্যদের বিভিন্ন প্রয়োজনগুলি শনাক্ত করতে পারে। তাদের প্রত্যেককে তুমি সেই কাজে পরিচালিত কর যে কাজ তুমি তাদের দিয়ে করাতে চাও এবং তারা যখন সেবা কাজ করবে তখন তুমি তাদেরকে তোমাতে বিশ্রামের স্থান খুঁজে পেতে সাহায্য কর। (যাকোব ১:৫)

৬। আমাদের দক্ষিণ আফ্রিকার দলটিকে প্রজ্ঞা দাও যাতে তারা যীশুর মতো জীবনযাপন করতে পারে এবং নেতৃত্ব দিতে পারি। (হিতোপদেশ ২:১-১১)

৭। পিতা, তোমাকে ধন্যবাদ দিই যে ইন্দোনেশিয়ার মহিলারা সরকারে, মণ্ডলীগুলিতে এবং সংস্থাগুলিতে নেতৃত্ব দানের সুযোগ পাচ্ছে। তারা যেন তোমার অনুসন্ধান করে, তোমার পরিচালনা অনুসরণ করে এবং তারা যাদের পরিচালিত করে তাদের উপর যেন ঈশ্বরীয় প্রভাব বিস্তার করতে পারে। (মথি ৫:১৪)

৮। জার্মানী চায় মহিলারা যেন তুলনামূলক ভাবে উচ্চতর অনুপাতে বড় বড় কম্পানীগুলিতে উচ্চতর পদে অধিষ্ঠিত থাকে। এই আসন্ন পদগুলির জন্য যারা মনোনীত হবে তাদের মধ্যে যেন সক্ষম খ্রীষ্টান মহিলারা থাকে তার জন্য আমরা প্রার্থনা করি। (গীত ৯০:১৭)

৯। ঈশ্বর, আমরা প্রার্থনা করি যেন উরুগুয়ের মহিলারা প্রতিদিন আরও অধিকরূপে যীশুর মতো হতে পারে, তাদের দক্ষতা এবং সামর্থ ব্যবহার করে তারা যেন তাদের চারিদিকের মহিলাদের যীশুতে তাদের আরোগ্য এবং আশা খুঁজে পেতে সাহায্য করতে পারে। (২ পিতর ৩:১৮)

১০। ঈশ্বর, আমরা কানাডার মহিলাদের জন্য প্রার্থনা করি যাতে তারা আস্থা পায় যে ঈশ্বর তাদেরকে অনুপম ব্যক্তি হিসাবে সৃষ্টি করেছিলেন এবং তিনি যেন তাঁকে গৌরবান্বিত করার জন্য তাদের তালন্তগুলিকে ব্যবহার করেন। (যিরমিয় ১৭:৭)

১১। চীনা মহিলারা যখন মণ্ডলীগুলিতে নেতৃত্বের দায়িত্ব গ্রহণ করছেন, তখন তারা যেন পরিতৃপ্তি এবং আনন্দের দৃষ্টান্তমূলক জীবন যাপন করতে পারে যার দ্বারা অন্যরাও যীশুকে অনুসরণ করতে প্রভাবিত হয়। (১ তীমথিয় ৬:৬)

১২। ঈশ্বর, ইউক্রেনের খ্রীষ্টান যে মহিলারা বাইরের এবং আত্মিক শৃঙ্খলায় প্রশিক্ষিত হয়েছে তারা যেন যুবতীদের উপদেশ দিতে পারে এবং এই জ্ঞান এবং অভিজ্ঞতা তাদের মধ্যে সঞ্চারিত করতে পারে। (২ তীমথিয় ২:২)

১৩। ঈশ্বর, তুমি মহিলাদের সমৃদ্ধপূর্ণ সংবেদনশীলতা এবং সমানুভূতিশীলতা দিয়েছো।যারা যন্ত্রণার মধ্যে আছে তাদের সান্ত্বনা দেবার জন্য এবং তোমার কাছে চালিত করার জন্য মহিলারা যেন পরিচর্যা কাজে এই গুণগুলি ব্যবহার করতে পারে। (১ শমূয়েল ২৩:১৬)

১৪।প্রভু, রোমানীয়ার যে মহিলারা খ্রীষ্টান মিডিয়া পরিচর্যা কাজে যুক্ত আছে তারা যেন অন্যদের জীবনকে প্রভাবিত করতে পারে যখন তারা ন্যায়পরায়নতা এবং ভালোবাসাসহ খ্রীষ্টের চরিত্রকে প্রতিফলিত করছে। এই পরিচর্যাটিকে উন্নত করার জন্য তাদের সংযোগ রক্ষার দক্ষতাগুলি যেন অবিরত উন্নত হয়। (কলসীয় ৪:৬)

১৫। প্রভু, আরব জগতে বাসকারী খ্রীষ্টানদের জন্য আমরা প্রার্থনা করি। তাদের তুমি এমন উদাহরণমূলক জীবন যাপন করতে সক্ষম কর যাতে অন্যরা দেখতে পারে যে কীভাবে পুরুষ এবং মহিলারা সমাজে, কম্পানীগুলিতে এবং তাদের নিজেদের পরিবারগুলিতে নেত্রী হিসাবে পরস্পরের সঙ্গে ভাব বিনিময়ের মাধ্যমে একত্রে কাজ করতে পারে। (গালাতীয় ৩:২৮)

১৬। যেহেতু কোরিয়ার প্রধান কম্পানীগুলির মধ্য মাত্র ৪.৫% মহিলারা উচ্চপদে কাজ করেন, সেহেতু আমরা প্রার্থনা করি যাতে খ্রীষ্টান মহিলাদের উচ্চ পদে উন্নিত হওয়ার জন্য আরও অধিক সুযোগ দেওয়া হয় (গীত ৮৪:১১)।

১৭। প্রভু, অনুগ্রহ করে পোলাণ্ডের খ্রীষ্টান নেত্রীদের সুরক্ষিত কর, শক্তি দাও এবং পরিচালনা কর যেহেতু তাদেরকে তাদের কাজের ভূমিকার সঙ্গে স্ত্রী হিসাবে, মা হিসাবে, ঘরের কর্ত্রী হিসাবে এবং পেশাগত কর্মী হিসাবে দায়িত্বগুলির মধ্যে ভারসাম্য রক্ষা করতে হয়। (গীত ২৫:৯)

১৮। পিতা, আমরা নেপালের মহিলাদের জন্য আরও অধিক চাকরীর সুযোগের জন্য এবং তাদের দক্ষতা এবং প্রশিক্ষণ অনুসারে তাদের বেতন বৃদ্ধির জন্য প্রার্থনা করি। (কলসীয় ৪:৫)

১৯। ঈশ্বর, ফরাসী মহিলারা তাদের জীবনের যে কোন পরিস্থিতিতে প্রতিদিন কীভাবে তোমার সঙ্গে সংযোগ করার সময় খুঁজে বের করতে পারবে সেই বিষয়ে তাদের সৃজনশীলতা দাও। একক মায়েদের তোমার অনুগ্রহ এবং শক্তি দাও, বিশেষ করে যাদের ছোট বাচ্চা আছে এবং তাদেরকে তাদের চারিদিকের মহিলাদের পরিচর্যাকারী রূপে পূর্ণ সময়ের জন্য কাজ করতে হয়। (যিশাইয় ৪০:২৯)

২০। আমরা ফিনল্যাণ্ডের ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী প্রার্থনা দলের নেত্রীদের অঙ্গীকার এবং প্রগাঢ় প্রচেষ্টার জন্য কৃতজ্ঞ! তাদের কাজ সম্পূর্ণ করার জন্য তাদেরকে শক্তি এবং আনন্দ দাও। (নহিমিয় ৮:১০খ)

২১। প্রভু, ইউক্রেনের খ্রীষ্টান মহিলারূপে তাদের স্বামীদের সহকারিণী হিসাবে এবং ঈশ্বর ভীরু মা হিসাবে তারা যেন তাদের ভূমিকা সম্পূর্ণ করতে পারে এবং তাদের পরিবারগুলি এবং পরিত্রাণহীন স্বামীরা যেন তোমার কাছে ফিরে আসতে পারে। (১ পিতর ৩:১)।

২২। প্রভু, আমরা প্রার্থনা করি যাতে আলবেনিয়ার খ্রীষ্টান নেত্রীবর্গ তাদের কথায় এবং কাজে যীশুকে প্রতিফলিত করতে পারে, তারা যখন সর্বোচ্চ প্রাধান্যের সঙ্গে তোমার সঙ্গে তাদের সম্পর্ক তৈরী করে তখন তারা যেন প্রতিদিন তোমার মধ্যে ভারসাম্য এবং বিশ্রাম খুঁজে পায়। (মথি ৬:৩১-৩৪)

২৩। পিতা তোমার কাজে আফ্রিকার যে মহিলারা পরিচালনা করছে তাদের প্রয়োজনগুলির জন্য তুমি উৎসাহদানকারী, প্রার্থনায় মধ্যস্থতাকারী এবং সাহায্যকারীদের উত্থাপন করো। এই নেত্রীরা যেন তোমাতে শক্তিশালী হয় এবং তাদের উদাহরণ এবং চরিত্রের মাধ্যমে অন্যদের পথ দেখায়। (ইফিষীয় ৬:১০)

২৪। প্রভু, আমাদের ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারীর ইউরোপ এবং মধ্য এশিয়া, মধ্য প্রাচ্য, এবং উত্তর আফ্রিকার আঞ্চলিক সমন্বয়কারীণী মিয়া দা সিলভা, যেন তোমার রব স্পষ্টভাবে শুনতে পায় এবং এই পরিচর্যা কাজ পরিচালনা করার জন্য প্রতিদিন তোমার কাছ থেকে প্রজ্ঞা এবং উপলব্ধি লাভ করেন। (গীত ২৫:৫)

২৫। পিতা, প্যারাগুয়ের ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী দলটিকে সাহায্য কর, তারা যেন দুর্বল মহিলাদের উপর ফোকাস করতে পারে, ভালোবাসার মধ্যে অন্যদের সেবা করার বিষয়ে যে আশীর্ব্বাদ পাওয়া যায় সেই বিষয়ে তাদের শিক্ষা দাও। (গালাতীয় ৫: ১৩-১৪)